

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৪, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ মার্চ ২০০২/২৯ ফাল্গুন ১৪০৮

এস, আর, ও নং ৫২-আইন/২০০২—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস,আর,ও-৯৫-আইন/২০০১, তারিখ, ১৬ এপ্রিল, ২০০১ ইং মোতাবেক ওরা বৈশাখ, ১৪০৮ বাং দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকা সম্বন্ধে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করার জন্য ফেণী জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ;

এবং যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) অধীনে উক্ত এলাকা সম্বন্ধে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

(৯৫৩)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ১৪ চৈত্র, ১৪০৮ বাংলা মোতাবেক ২৮ মার্চ, ২০০২ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি সোনাগাজী মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে :

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নং	দাগ নং
১	সোনাগাজী	তুলাতলী	২৩৬	০১—৪৩৯, ৪৪১, ৪৫৪—৪৭১, ৫২২—৮৫৭, ১০১৬—১০৩১, ১০৫৯—১১৪৫।
২	ঐ	চরণেশ	৮২	০১—১৬৬৮, ২৫০১—২৬৬৯, ২৬৭৬—২৯৬৫, ২৯৭২, ২৯৭৩, ২৯৮৪—২৯৯৭, ৩০০৫—৩১০৩, ৩১৬৫—৩১৬৭, ৩১৮১—৩১৯৩, ৩২০২—৩২০৯, ৩২২০—৩২২৪।
৩	চরচান্দিরা	উত্তর চরচান্দিরা	৯১	২৬১১—২৬৭১, ২৬৭৫, ২৭১১—২৭৫৮, ২৭৬১—২৯৮২, ৩২২০—৩২৩৫, ৩৬৫৯—৪১১৩, ৪১১৭, ৪১১৮, ৪১২০—৪২০৭, ৪২২৪—৪২৩০, ৪২৪৪—৪২৫৪, ৪২৫৯, ৪২৬০, ৪২৬২, ৪২৬৪—৪২৭৫, ৪২৭৯।
৪	ঐ	চরচান্দিরা	১০০	২৮৭৫—২৮৭৯, ২৯০৩—২৯২১, ২৯২৪, ২৯২৫, ৩০৯৮—৩১০৭, ৩৩২৩—৩৩৪৩, ৩৩৪৫, ৩৩৭০—৩৪৭৮, ৩৪৮৩।
৫	সোনাগাজী	ছাড়াইতকান্দি	২৮৮	০১—১৫১
৬	ঐ	বাখরিয়া	২৩৮	৩৮৭, ৩৯৭, ৩৯৮, ৪২১—৪৯২, ৪৯৯—৫৪৪, ৫৪৬—৫৬৮, ৬৩৭—৮৭৭।
৭	চরচান্দিরা	মহেশচর	২৩৯	৯২৮—১১০৪

রষ্ট্রেপতির আদেশক্রমে

মোহাম্মদ আলী খান

উপ-সচিব (পৌর)।

মোঃ সারোয়ারুজ্জামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।